

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সিটিজেনস চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২য় প্রান্তিকের ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : এ কে এম ফজলুজ্জোহা, পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।  
সভার তারিখ : ২০ অক্টোবর, ২০২২  
সময় : দুপুর ০২.০০ টা  
সভার স্থান : পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা   | সিদ্ধান্ত  |
|--------|--|--|
| ০১.    | সিটিজেনস চার্টার হালনাগাদের বিষয়ে সভায় আলোচনা করা হয়।   | (১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসরণ করে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিকে হালনাগাদ করতে হবে।<br>(২) সেবা প্রদান প্রতিশ্রুতির 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা' অংশের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে।   |
| ০২.    | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক, ওয়েবসাইটে সেবাপ্রাপ্তির নির্দিষ্ট স্থান এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের তথ্য সংযুক্ত করে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | (১) সেবা গ্রহণের জন্য কোন ফরম পূরণ করা প্রয়োজন হলে ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক উল্লেখ করতে হবে এবং এইচটিএমএল লিংকে সংশ্লিষ্ট ফর্মটি সিটিজেনস চার্টার এর নির্দিষ্ট অংশে সরবরাহ করতে হবে।<br>(২) সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রদত্ত তথ্যকে আরো জনবান্ধব করতে পিডিএফ এর পরিবর্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুরূপ এইচটিএমএল পেজে (ডাইনামিক আপডেট ও এক্টিভ হাইপার লিংক এর সুবিধাসহ) আপলোড করতে হবে।<br>(৩) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ওয়েবসাইটে কর্মকর্তাদের নাম ও পদবির সাথে আবশ্যিকভাবে নাম ও মোবাইল নম্বর সহ তথ্য দিতে হবে।<br>(৪) ওয়েবসাইটের বিন্যাসে সরকারী পোর্টাল সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করতে হবে এবং ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পৃথক বক্স আইকন রাখতে হবে।<br>(৫) পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সংক্রান্ত অফিস আদেশ ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ), সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটের নির্দিষ্ট অংশে আপলোড করতে হবে। |

০৩। উপস্থিত সকল কর্মকর্তাকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব কাজে মনোযোগী হওয়ার আহবান জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।

স্বা/-

এ কে এম ফজলুজ্জোহা  
পরিচালক (প্রশাসন) ও  
সভাপতি, সিটিজেনস চার্টার  
হালনাগাদকরণ ও পরিবীক্ষণ কমিটি।